

পরীক্ষার সময় আর বাধার সৃষ্টি করবেন না : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক >

পরীক্ষার সময় আর বাধা সৃষ্টি না করার জন্য বিএনপির নেতৃত্বে ২০ দলীয় জোটের প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেছেন, 'এসএসসি ও সমমানের পরীক্ষার সময় শিক্ষার্থীরা যাতে পরীক্ষা দিতে না পারে সে জন্যই টানা হরতাল-অবরোধ দেওয়া হয়েছিল। আপনাদের (বিএনপি নেতৃবৃন্দ) ছেলেমেয়েরা দেশের বাইরে পড়ালেখা করবে আর দেশের ছেলেমেয়েদের বোমা নেরে পড়ালেখায় বাধার সৃষ্টি করবেন, তা হতে পারে না।' গতকাল রবিবার জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমিতে ৪৩ ও ৪৪তম জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার সনদ, চেক ও ক্রীড়াসামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, 'আমাদের মাঠের সমস্যা রয়েছে। এ সমস্যার সমাধান করতে হবে। পাকিস্তান আমলে ক্রিকেটে আমাদের একজন খেলোয়াড়ও জাতীয় দলে খেলার সুযোগ পেতেন না। কিন্তু এখন সেই পাকিস্তানকেই আমাদের ছেলেরা বারবার পরাজিত করছে। এতেই বোকা যায়, আমাদের খেলাধুলায় অনেক উন্নতি হয়েছে।'

এদিকে গতকাল দুপুরে টিকিউআই প্রকল্প আয়োজিত ডিজিটাল টেক্সটবুক বিষয়ে দুই দিনব্যাপী কর্মশালার সমাপনী অনুষ্ঠানেও প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সেখানে মন্ত্রী বলেন, '২০১৬ শিক্ষাবর্ষে প্রচলিত পাঠ্য বইয়ের পাশাপাশি পরীক্ষামূলকভাবে ষষ্ঠ শ্রেণির জন্য ইন্টারঅ্যাকটিভ ডিজিটাল টেক্সটবুক চালু করা হবে। পর্যায়ক্রমে তা অন্যান্য ক্লাসের জন্যও চালু হবে। দেশের অভিজ্ঞ তথ্যপ্রযুক্তিবিদদের সহায়তায় এই ডিজিটাল বই করা হচ্ছে। প্রতিটি বইয়ের কঠিন শব্দ, বাক্য, বিষয় ইত্যাদি সহজভাবে বোঝানোর জন্য শব্দার্থ, ব্যাখ্যা, অ্যানিমেশন, ছবিসমূহ রঙিন করা, প্রয়োজনীয় ভিডিও যুক্ত করা সহ নানাভাবে তুলে ধরা হবে।'

শিক্ষাসচিব নজরুল ইসলাম খান বলেন, 'আগামী সেপ্টেম্বরের মধ্যে ষষ্ঠ শ্রেণির সকল বইয়ের ইন্টারঅ্যাকটিভ ডিজিটাল বই তৈরি করা হবে। এতে শিক্ষার্থীরা বিষয়গুলো আরো সহজভাবে বুঝতে পারবে, আগ্রহী শিক্ষার্থীরা অধিকতর জ্ঞান অর্জন করতে পারবে। একই সঙ্গে তথ্যপ্রযুক্তি বিষয় শিক্ষার্থীদের কাছে অনেক সহজ, আকর্ষণীয় ও বোধগম্য হবে।'

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ফাহিমা খাতুনের সভাপতিত্বে কর্মশালায় আরো বক্তব্য দেন প্রকল্প পরিচালক বনমালী ভৌমিক, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান প্রফেসর নারায়ণ চন্দ্র পাল, নায়মের মহাপরিচালক প্রফেসর হামিদুল হক প্রমুখ।